

ভাল মন্দ

আহমেদ সাবের

বিশ্ব জুড়ে শান্তি আছে, দ্বন্দ্ব আছে।

আবাবিলের পাখীর পাখায়,
কাল বোশেখীর পত্র শাখায়,
কথা দেয়া, কথা রাখায়,
যুদ্ধবাজের শান্তি ডাকায়,
উন্নয়নের রথের চাকায়,
ইসরাফিলের শিংগা হাঁকায়,
কিছু ভাল, মন্দ আছে।

সর্বনাশা নদীর বাঁকে,
ফেরিঅলার দরাজ হাঁকে,
গভীর জলের মাছের ঝাঁকে,
সন্ধ্যা বেলার পুজোর ঢাকে,
গন্ডগোলের কাজের ফাঁকে,
খোকন সোনার মধুর ডাকে,
নানান রকম ছন্দ আছে।

প্রান প্রেয়সীর চোখের জলে,
মুখ করা হাসির ছলে,
কান্না হাসির জীবন তলে,
নৃত্য গীতের জোর মাদলে,
জোখনা ভরা রাতের পলে,
প্রেম-বিরহের হলাহলে
মিষ্টি মধুর গন্ধ আছে।

প্রান পাখীরে আকুল করা
মিষ্টি মধুর গন্ধে ভরা,
শুধুই স্বাস্থ্য, নাইকো জরা,
সকল দশ্য হদয় হরা -
দিনগুলো সব সোনা ঝরা -
আছে কি ভাই এমন ধরা?
পাবো কিনা, সন্দ আছে।

দুঃখ সুখের জীবন বেলায়
কষ্ট ডেকে সুখের ভেলায়,
শক্র ডেকে বুকে মেলায়,
হাজার রকম ফুলের মেলায়
যদি জীবন এই অবেলায়
কাটেরে ভাই হেলায় ফেলায়,
তাতেই মহা-নন্দ আছে।

Sydney, August 1, 2008